

ইউসুফের সাক্ষী কে ছিলেন?

উপরের আলোচনায় ২৬নং আয়াতে আল্লাহ বলেছেন, **وَشَهِدَ شَاهِدٌ** مِنْ أَهْلِهَا 'ঐ মহিলার পরিবারের জনৈক ব্যক্তি সাক্ষ্য দিল'- কিন্তু কে সেই ব্যক্তি, সে বিষয়ে কুরআনে কিছু বলা হয়নি। তবে ইবনু জারীর, আহমাদ, ত্বাবারাগী, হাকেম প্রমুখ হযরত আব্দুল্লাহ ইবনু আববাস (রাঃ) থেকে একটি হাদীছ বর্ণনা করেছেন, যেখানে বলা হয়েছে যে, চারটি শিশু দোলনায় থাকতে কথা বলেছিল। তন্মধ্যে 'ইউসুফের সাক্ষী' (شاهد يوسف) হিসাবে একটি শিশুর কথা এসেছে। শায়খ আলবানী বলেন, হাদীছটি যঈফ।[20] কুরতুবী বলেন, উক্ত ব্যক্তি ছিলেন, গৃহস্থামী 'আযীযে মিছরের' সাথী তাঁর একান্ত পরামর্শদাতা দূরদর্শী জ্ঞানী ব্যক্তি। যিনি যুলায়খার চাচাতো ভাই ছিলেন। তিনি ইউসুফের জামা সম্মুখ থেকে বা পিছন থেকে ছেঁড়া কি-না প্রমাণ হিসাবে পেশ করার কথা বলেন (ইউসুফ ১২/২৬-২৮)। যদি দোলনার শিশু সাক্ষ্য দিত, তাহ'লে সেটা অলৌকিক ঘটনা হ'ত এবং সেটাই যথেষ্ট হ'ত। অন্য কোন প্রমাণের দরকার হতো না'।[21]

- [20]. যঙ্গফুল জামে' হা/৪৭৬২, ৪৭৭৫।
[21]. তাফসীর কুরতুবী, ইউসুফ ২৬-২৮।